বদলি হতে যাচ্ছেন মেহেরপুর সদর ও মুজিবনগর থানার ওসি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের সব থানার ওসিকে বদলি করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

শুক্রবার ইসি সূত্রে জানা গেছে, প্রথম পর্যায়ে যেসব থানার ওসিরা বর্তমান কর্মস্থলে ছয় মাসের বেশি সময় আছেন, তাদের অন্য জেলায় বা অন্য কোনো থানায় পর্যায়ক্রমে বদলির নির্দেশ দিয়েছে কমিশন। এ হিসেবে মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বদলি হতে যাচ্ছেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগকে ইসি আগামী ৫ ডিসেম্বরের মধ্যে এ সংক্রান্ত প্রস্তাব জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

আগামী ৭ জানুয়ারি সংসদ নির্বাচনের ঘোষণা দিয়েছে ইসি। ঘোষিত তফসিল অনুযায়ী, নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ৩০ নভেম্বর, বাছাই ১-৪ ডিসেম্বর, রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল ও শুনানি ৬-১৫ ডিসেম্বর এবং ১৭ ডিসেম্বরের মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। প্রতীক বরাদ্দ দেওয়া হবে ১৮ ডিসেম্বর।

মেহেরপুরে নৌকা প্রার্থী ফরহাদ হোসেনের মনোনয়ন দাখিল

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর ১ আসনে নৌকা প্রার্থী ফরহাদ হোসেন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রিটারিং অফিসার শামীম হাসানের হাতে মনোনয়নপত্র জমা

দেন তিনি।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহিন, জেলা আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক পিপি পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাসেম, ইউপি চেয়ারম্যান আমান হোসেন মিলু, মোঃ শাহ্ জামান,মোঃ সেলিম রেজা, রওশন আলী টোকন,মোঃ আয়ুব হোসেন, মতিউর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের মনোনয়ন দাখিল

মেহেরপুর ১ সংসদীয় আসনের মনোনয়ন পত্র জমা দিয়েছেন স্বতন্ত্র প্রার্থী ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

আজ বৃহস্পতিবার (৩০ শে নভেম্বর) দুপুর ৩ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রিটারিং অফিসার শামীম হাসানের হাতে মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, সহ সভাপতি আব্দুল মান্নান, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, জেলা আওয়ামী লীগের সদস্য কামরুল হাসান চাদু ও যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান প্রমুখ।

মেহেরপুর ১ আসনে লাঙ্গল প্রার্থী আব্দুল হামিদের মনোনয়ন পত্র জমা

মেহেরপুর ১ আসনে মনোনয়ন পত্র জমা দিয়েছেন জাতীয় পার্টির মনোনীত লাঙ্গল প্রার্থী ও জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ। আজ বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রিটারিং অফিসার শামীম হাসানের হাতে মনোনয়নপত্র জমা দেন।

এ সময় উপস্থিত ছিলেন সহ-সভাপতি হামিদুল ইসলাম, সহ-সভাপতি আব্দুল মান্নান, সহ-সভাপতি রুহুল সাত্তার, সাধারণ সম্পাদক আব্দুল হাদী, যুগ্ম সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারী সাধারণ সম্পাদক আক্তার হোসেন সুমন, শ্রম বিষয়ক সম্পাদক ইকবাল হোসেন, প্রচার সম্পাদক মামলাত হোসেন প্রমুখ।

গাংনী আসনে নৌকার প্রার্থী ডা. সাগরের মনোনয়ন পত্র জমা

মেহেরপুর ২ সংসদীয় আসন গাংনীতে মনোনয়ন পত্র জমা দিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।

বৃহস্পতিবার (৩০ শে নভেম্বর) দুপুর ২ টার দিকে নেতাকর্মী ও সমর্থকদের সঙ্গে নিয়ে সহকারী রিটার্নিং কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার কাছে মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডভোকেট শফিকুল ইসলাম, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, পৌর মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মটমুড়া ইউপির চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলী ইউপির চেয়ারম্যান মিজানুর রহমান রানা, তেঁতুলবাড়ীয়া ইউপির চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস সহ নেতাকর্মী ও সমর্থকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৫ নভেম্বর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। তফসিল অনুযায়ী, প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেওয়ার পর রিটার্নিং কর্মকর্তারা তা বাছাই করবেন ১ থেকে ৪ ডিসেম্বর, রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনে আপিল দায়ের ও নিষ্পত্তি ৫ থেকে ১৫ ডিসেম্বর, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৭ ডিসেম্বর। রিটার্নিং কর্মকর্তারা প্রতীক বরাদ্দ করবেন ১৮ ডিসেম্বর। নির্বাচনী প্রচার চলবে ৫ জানুয়ারি সকাল ৮টা পর্যন্ত। আর ভোটগ্রহণ হবে ৭ জানুয়ারি।

মেহেরপুরে স্বপ্ন সুপার শপের উদ্বোধন

মেহেরপুরে দেশের অন্যতম সুপার শপ ব্র্যান্ড স্বপ্ন এর উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকালে শহরের নীলমণি সড়কে গার্লস স্কুলের পিছনে ফিতা ও কেক কেটে নতুন স্বপ্ন সুপার শপের উদ্বোধন করেন মেহেরপুর ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু।

উদ্বোধনকালে তিনি বলেন,স্বপ্ন সুপার শপের যাত্রা শুরুর প্রধান লক্ষ্য হলো জনগণকে একই ছাদের নিচে সকল ধরণের সেরা পণ্যের সেবা প্রদান করা। মানুষ তার পছন্দ মতো পণ্য এখানে সুন্দর পরিবেশে কিনতে পারবে।

এছাড়াও স্বপ্নের নতুন শপটি উদ্বোধন উপলক্ষ্যে বিভিন্ন পণ্যের ওপরে বিশেষ ছাড় দেওয়া হয়েছে বলে জানান তিনি।

এসময় স্বপ্ন সুপার শপের পরিবেশক মোহন লাল আগরওয়ালা, জগদীশপ্রসাদ আগরওয়াল, জিএন এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী গোলাম সাহেদ সহ বড় বাজারের ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

ক্রেতারা বলেন,মেহেরপুরে এই প্রথম সব ধরনের পন্য একই ছাদের নিচে এটা অভাবনীয় বিষয়। যারা এই সুপার শপ বাস্তবায়ন করেছে তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। এবং প্রতিষ্ঠানটি যাতে আগামী দিনে সুন্দর ভাবে চলে সেই দোয়া করি।

গাংনী উপজেলা আওয়ামীলীগের স্বতন্ত্র প্রার্থী মকলেছুর রহমান মুকুল

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিভিন্ন ইউনিয়ন ও পৌর আওয়ামী লীগের সভাপতি সম্পাদকদের নিয়ে বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার দুপুরে তালিমুল কোরআন ইসলামী একাডেমি মাদ্রাসার সামনে উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে এবং পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, সাবেক পৌর মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, মনিরুজ্জামান মাস্টার সহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে গাংনী উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুলকে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী

হিসেবে ঘোষণা করা হয়।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন,দলীয়ভাবে যে প্রার্থী দেয়া হয়েছে তাকে দলের এবং জনগণ কেউ চেনেনা বা তার সম্পর্কে জানেনা ভোটারটা। সেইজন্য উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে যে প্রার্থী ঘোষণা করা হয়েছে আমার পক্ষ থেকে নৈতিক সমর্থন থাকবে তার জন্য তবে জেলা আওয়ামী লীগের সভাপতি ও কেন্দ্রীয় সাধারণ সম্পাদকের সাথে আলাপ করে আমি সরাসরি কাজ করবো কিনা সেটা তখন জানাবো। ইউনিয়ন পর্যায়ের সভাপতি ও সাধারণ সম্পাদকরা প্রত্যেকে মকলেছুর রহমান মুকুল কে সমর্থন প্রদান করেন।

মেহেরপুর ২ আসনে মনোনয়ন পত্র জমাদান শুরু

মেহেরপুর-২ গাংনী আসনে বাংলাদেশ আওয়ামী লীগের শরিক দল বাংলাদেশের ওয়ার্কার্স পাটির কেন্দ্রীয় পলিট ব্যুরো সদস্য নুর আহম্মেদ বকুল গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে ভারপ্রাপ্ত সহকারী রিটার্নিং অফিসারের কাছে তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

অপর দিকে দুপুর ২ টার দিকে দলীয় মননোয়ন বঞ্চিত হয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জমা দিয়েছেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধ মকবুল হোসেন।

নুর আহম্মেদ বকুল বলেন, আমাদের পূর্ব অভিজ্ঞতা আছে। অসাংবিধানিক সামরিক শাসনে বাংলাদেশ আবারো পতিত হোক সেটা আমরা চাই না। নানা ষড়যন্ত্র হচ্ছে এই ষড়যন্ত্রের বিরুদ্ধে এই নির্বাচনকে সুষ্ঠভাবে এগিয়ে নিতে হবে। বাংলাদেশের ওয়ার্কাস পাটি আমরা শরিক জোট। আমরা লড়াই করছি। আগামী নির্বাচন সুষ্ঠ এবং শান্তিপূর্ণ হবে। জনগনের অংশগ্রহনের মধ্যে দিয়ে আনান্দ ঘন পরিবেশের মধ্যে দিয়ে নির্বাচন হবে আমরা আশা করি।

মেহেরপুরে আওয়ামী লীগের মনোনয়ন বঞ্চিতদের স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান

মেহেরপুর-১ আসনে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানকে আওয়ামী লীগের একক স্বতন্ত্র প্রার্থী ঘোষণা করেছেন মনোনয়ন বঞ্চিত নেতারা। গতকাল বুধবার রাতে শহরের হোটেল বাজারে এক অনুষ্ঠানের মাধ্যমে এ ঘোষণা দেন নেতারা।

সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে প্রার্থী ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাবেক এমপি ও জেলা আওয়ামী লীগের সদস্য প্রফেসর আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ^◌াস, সহসভাপতি আব্দুল মান্নান, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, জেলা আওয়ামী লীগের সদস্য কামরুল হাসান চাদু, জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান।

এসময় প্রফেসর আব্দুল মান্নান বলেন, আমাদের ভোট নৌকার বিরুদ্ধে না আমাদের ভোট হচ্ছে অন্যায়ের বিরুদ্ধে। বঙ্গবন্ধুর এই ভোটে যদি আমরা জয়ী হয় তাহলে সেই ফসলটা শেখ হাসিনার গোড়ায় উঠবে।

তিনি আরো বলেন, আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী সকলেই যোগ্য নির্বাচন করার জন্য। তারা সকলেই গণমানুষের নেতা। তাদের প্রতি জনগণের আস্থা রয়েছে। তারা সকলে মিলে যে উদারতা ও মহানুভবতা দেখিয়ে আমাকে বাছাই করেছেন তাদের সকলের প্রতি আমি কৃতজ্ঞ। মেহেরপুরে আওয়ামী লীগের নেতাকর্মীরা মুক্তি চাই। তারা শোষণ থেকে বাঁচতে চাই।

তিনি বলেন, আমি মান্নান, আমি ভোট করছি না, আপনারা করছেন ভোট। নারী, পুরুষ, শিশু কিশোর নির্বিশেষে সকলেই করছেন ভোট। আমি শুধু

এমপি প্রার্থী না, আমি প্রতিবাদী প্রার্থী। আমি মানুষকে ভালবাসি, আমি মানুষের ভালোবাসা পেতে চাই মানুষকে ভালবাসা দিতে চাই।

ঘোষণাকালে জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল বলেন, যেই লোকটাকে আমরা কাছে পাবো,পাশে পাবো তৃণমূলের কথা শুনবে, তৃণমূলের ডাকে সাড়া দিবে তাকেই আমরা বেঁছে নিয়েছি। ৭ ই জানুয়ারি আমরা সকলে মিলে প্রফেসর মান্নানকে বিজয়ী করবো।

প্রস্ঙ্গত, গত ২৬ নভেম্বর বাংলাদেশ আওয়ামী লীগ মেহেরপুর-১ আসনে বর্তমান সংসদ সদস্য ফরহাদ হোসেনকে মনোনয়ন প্রদান করেন। একই দিন সকালে মনোনয়ন প্রত্যাশীদের উদ্দেশ্যে দলীয় সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচন করে আসার সুযোগ নেই। বিরোধী প্রার্থীকে কেই কোন ধরণের হুমকি বা ঝামেলা করলে তার বিরুদ্ধে কঠিন ব্যবস্থা নেওয়া হবে। এমনকি তিনি দলের কেউ স্বতন্ত্র প্রার্থী হয়ে বিজয়ী হয়ে আসলে তাকে স্বাগত জানানো হবে। এর পর থেকেই মনোনয়ন বঞ্চিতদের মধ্যে স্বতন্ত্র প্রার্থী হওয়ার তোড়জোড় শুরু হয়।

মেহেরপুর-১ আসনের আওয়ামী লীগের মনোনয়ন চেয়ে দলীয় মনোনয়ন ফরম কিনেছিলেন বর্তমান সংসদ সদস্য ফরহাদ হোসেনসহ ১৪ প্রার্থী। বাকি ১৩ প্রার্থী হলেন, সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান, সাবেক এমপি জয়নাল আবেদীন, জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড, মিয়াজান আলী, জিয়া উদ্দিন বিশ^◌াস, আব্দুল মান্নান (ছোট) অ্যাড. ইয়ারুল ইসলাম, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, সাবেক এমপি জয়নাল আবেদীনের ছেলে তানভির রানা।

মেহেরপুরে গ্রুপ থিয়েটার দিবস পালন করলো অরণি

মেহেরপুরে গ্রুপ থিয়েটার দিবস উপলক্ষে কথা সংলাপ আড্ডা’ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে অরণি থিয়েটার।

গতকাল বুধবার সন্ধ্যায় অরণি থিয়েটার কার্যালয়ে ‘অরণি থিয়েটার’‘ ও চিলড্রেন থিয়েটার’ পরিবারের সদস্যদের উপস্থিতিতে গ্রুপ থিয়েটার দিবসের ঘটনা তুলে ধরে বক্তব্য রাখেন অরণি থিয়েটার পরিবারের সভাপতি জনাব নিশান সাবের।

সংলাপে অংশ নিয়ে ছোট্ট নাটাংশ পরিবেশন করে জান্নাতুল ফেরদৌসে আলো, বৈশাখী আখতার, জেসমিন, রুবেল। আড্ডায় যুক্ত থেকে আয়োজন প্রানবন্ত করেন সামারুল, শফিকুল, সেলিম, সোনিয়া, মিঠু, সেন্টু, কুতুব, আরশাদ, সোনা এবং এস আই মিজান।